

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩০২.৩২.১৪৪.১৩-৫৩

তারিখ: ১৮ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিসিএস (ইকনমিক) ক্যাডারের কর্মকর্তা বেগম শাকিলা আক্তার (০৬২৮), সহকারী প্রধান এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর আওতায় সরকারী চাকরি হতে বরখাস্ত করার বিষয়ে মতামত প্রদান।

সূত্রঃ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় স্মারক নং-৮০.০০.০০০০.১০৮.৩৪.০৪০.১৭-৩৪৪, তারিখঃ ১৩/১২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯-এর আওতায় বিসিএস (ইকনমিক) ক্যাডারের সহকারী প্রধান বেগম শাকিলা আক্তার (০৬২৮)-কে সরকারী চাকরি হতে বরখাস্তের নিমিত্ত পত্র মারফত বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়ার প্রেক্ষিতে তাদের পর্যবেক্ষণ ও চাহিদার বিপরীতে নিম্নবর্ণিত তথ্য সম্বলিত পত্র দেয়া হলোঃ

(ক) সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯-এর ধারা ৫(১) অনুযায়ী অভিযোগনামা ও অভিযোগ বিবরণী একত্রে ১ম কারণ দর্শানো নোটিশের মাধ্যমে জারি করা হয়ে থাকে। সুতরাং এককভাবে অভিযোগ বিবরণী এবং অভিযোগনামা প্রস্তুত করা হয়নি;

(খ) সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ অনুযায়ী তদন্ত করার নির্দেশনা নেই বিধায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়নি;


(গ) সরকারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ অনুযায়ী সাক্ষ্যগ্রহণের সুযোগ নেই বিধায় স্বাক্ষীদের জবানবন্দী এবং দৈনন্দিন রেকর্ডসহ তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হয়নি।

(ঘ) এবং (ঙ) অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেননি বিধায় ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়নি এবং সেজন্য শুনানীর ভিত্তিতে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি;

(চ) অভিযুক্ত কর্মকর্তার তথ্যাবলী চেকলিষ্ট অনুযায়ী ছক আকারে প্রেরণ করা হয়েছে (পরিকল্পনা বিভাগের স্মারক নং- ২০.০০.০০০০.৩০২.৩২.১৪৪.১৩.৫২২ তারিখঃ ১৫/১১/১৭)। অধিকন্তু সংযুক্ত ছক অনুযায়ী পুনরায় নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

বর্ণনামতে

প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা


মোঃ খালিলুর রহমান
উপসচিব
ফোনঃ ৯১১৬২৯০

সচিব

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ

০১। যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ব্লক-১৩, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।